রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৫ সনের ৪৯ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ৩, ২০১৫

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৮৩৭—৮৫৪ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৭৭১—১৮২৫ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৬০৯—১৬২৮ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৪৩ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অর্থ মন্ত্রণালয়**
**ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**পরিচালনা পর্ষদ ও সমন্বয় অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৮ সেপ্টেম্বর ২০১৫

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০৫.১৫-৪৯৬**—দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিমিটেড এর পরিমেল বিধির বিধি ২৫ অনুযায়ী উক্ত কর্পোরেশনের পরিচালনা পর্ষদের পরিচালক বেগম পারভীন বানু, যুগ্ম-সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর পরিবর্তে একই বিভাগের প্রতিনিধি হিসেবে সচিব জনাব মোঃ নজিবুর রহমান-কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত পরিচালক নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৩ সেপ্টেম্বর ২০১৫

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০৫.১৫-৫০৭**—দি সিকিউরিটি প্রিন্টিং কর্পোরেশন (বাংলাদেশ) লিমিটেড এর পরিমেল বিধির বিধি ২৫ অনুযায়ী উক্ত কর্পোরেশনের পরিচালনা পর্ষদের পরিচালক জনাব মোঃ আবুল কাসেম, ডেপুটি গভর্নর, বাংলাদেশ ব্যাংক এর স্থলে একই ব্যাংকের ডেপুটি গভর্নর জনাব নাজনীন সুলতানা-কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত পরিচালক নিয়োগ দেয়া হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ১৭ সেপ্টেম্বর ২০১৫

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০১৯.১৫-৫২২**—The Insurance Corporations Act, 1973 (Act No. VI of 1973) এর ধারা ৭-এ প্রদত্ত ক্ষমতাবলে জীবন বীমা কর্পোরেশন এর পরিচালনা পর্ষদ নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো।

| ক্রমিক নং | নাম ও বর্তমান ঠিকানা | পরিচালক হিসেবে নিয়োজিত প্রতিষ্ঠানের নাম | মেয়াদকাল |
|---|---|---|---|
| (১) | জনাব ওয়াহিদুল ইসলাম চৌধুরী, পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন | জীবন বীমা কর্পোরেশন | ০২ (দুই) বছর |

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

| ক্রমিক নং | নাম ও বর্তমান ঠিকানা | পরিচালক হিসেবে নিয়োজিত প্রতিষ্ঠানের নাম | মেয়াদকাল |
|---|---|---|---|
| (২) | জনাব কফিলুদ্দিন আহমেদ চৌধুরী, পরিচালক, সাধারণ বীমা কর্পোরেশন | জীবন বীমা কর্পোরেশন | ০২ (দুই) বছর |
| (৩) | জনাব মোঃ আমিরুল আলম মিলন, এডভোকেট | জীবন বীমা কর্পোরেশন | ০২ (দুই) বছর |

এছাড়াও, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রাক্তন অতিরিক্ত সচিব জনাব অমলেন্দু মুখার্জী-এর পরিবর্তে অর্থ বিভাগের অতিরিক্ত সচিব, জনাব মনিন্দ্র নাথ রায়-কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত উক্ত কর্পোরেশনের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২১ সেপ্টেম্বর ২০১৫

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০১৯.১৫-৫২৮**—The Insurance Corporations Act, 1973 (Act No. VI of 1973) এর ধারা ৭-এ প্রদত্ত ক্ষমতাবলে জীবন বীমা কর্পোরেশন এর সাবেক পরিচালক জনাব খন্দকার রাশিদুল হক-কে সাধারণ বীমা কর্পোরেশন এর পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে ০২ (দুই) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

২। এছাড়াও, অর্থ বিভাগের অতিরিক্ত সচিব ড. মোহাম্মদ আলী খান-এর পরিবর্তে অর্থ বিভাগের অতিরিক্ত সচিব, জনাব তহমিনা বেগম-কে পুনরাদেশ না দেয়া পর্যন্ত উক্ত কর্পোরেশনের পরিচালনা পর্ষদে পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ রিজওয়ানুল হুদা**
উপসচিব।

---

## অর্থ বিভাগ
## সমষ্টিক অর্থনীতি অনুবিভাগ, পরিবীক্ষণ শাখা-৩

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ১৪ ভাদ্র ১৪২২/০৮ সেপ্টেম্বর ২০১৫

**নং ০৭.০০.০০০০.০৯৯.০০.০০৫.২০১৫-৮৮**—অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন Skills for Employment Investment Program (SEIP) শীর্ষক প্রকল্পের অনুকূলে উন্মুক্ত পদ্ধতিতে ক্রয় কার্যক্রম/প্রস্তাব মূল্যায়নের লক্ষ্যে পূর্বে গঠিত কমিটির স্থলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুযায়ী নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি সংশোধিত দরপত্র/প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি (Tender/Proposal Opening Commitee-TOC/POC) নির্দেশক্রমে গঠন করা হলো ঃ

**চেয়ারপার্সন**

(১) জনাব মোঃ নুরুল ইসলাম, সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক (ফান্ড ম্যানেজমেন্ট-১), SEIP প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

**সদস্য**

(২) জনাব মোঃ রকিবুল হাসান, সহকারী প্রধান, পরিবীক্ষণ শাখা-৩, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

**সদস্য-সচিব**

(৩) জনাব মোঃ তারিকুল ইসলাম খান, সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক (প্রাইভেট-৩), SEIP প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

২। উন্মুক্তকরণ কমিটির সদস্যগণ সংশ্লিষ্ট আইন, বিধিমালা এবং আবেদনপত্র, দরপত্র বা প্রস্তাব দলিলের বিধান ও শর্তাদি অনুসরণক্রমে ঃ

(ক) প্রাপ্ত দরপত্র/প্রস্তাব উন্মুক্ত করবেন;

(খ) সুপারিশসহ প্রতিবেদন প্রস্তুত করে প্রকল্প কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন।

**নং ০৭.০০.০০০০.০৯৯.০০.০০৫.২০১৫-৮৯**—অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন Skills for Employment Investment Program (SEIP) শীর্ষক প্রকল্পের অনুকূলে উন্মুক্ত পদ্ধতিতে ক্রয় কার্যক্রম/প্রস্তাব মূল্যায়নের লক্ষ্যে পূর্বে গঠিত কমিটির স্থলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ অনুযায়ী নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি সংশোধিত দরপত্র/প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি (Tender/Proposal Opening Commitee-TOC/POC) নির্দেশক্রমে গঠন করা হলো ঃ

**চেয়ারপার্সন**

(১) জনাব মোঃ জাহিদুল হক, উপ-নির্বাহী প্রকল্প পরিচালক (এফএম), SEIP প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

**সদস্যবৃন্দ**

(২) সৈয়দ নাসির এরশাদ, সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক (পাবলিক-১), SEIP প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

(৩) জনাব সুকেশ কুমার সরকার, প্রকিউরমেন্ট স্পেশালিস্ট (উপ-সচিব), SEIP প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

(৪) জনাব মোঃ রকিবুল হাসান, সহকারী প্রধান, পরিবীক্ষণ শাখা-৩, সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

(৫) জনাব শেখ সিদ্দিকুর রহমান, সহকারী সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

(৬) খন্দকার মাহাবুবুল হক, সহকারী পরিচালক, মৎস্য অধিদপ্তর।

**সদস্য-সচিব**

(৭) জনাব মোঃ নুরুল ইসলাম, সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক (এফএম-১), SEIP প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

২। মূল্যায়ন কমিটির সদস্যগণ সংশ্লিষ্ট আইন, বিধিমালা এবং আবেদনপত্র, দরপত্র বা প্রস্তাব দলিলের বিধান ও শর্তাদি অনুসরণক্রমে ঃ

(ক) প্রাপ্ত দরপত্র/প্রস্তাব উন্মুক্ত করবেন;

(খ) সুপারিশসহ প্রতিবেদন প্রস্তুত করে প্রকল্প কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবেন।

**মোঃ রকিবুল হাসান**
সহকারী প্রধান।

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**
**পরিকল্পনা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ ভাদ্র ১৪২২/২৫ আগস্ট ২০১৫

**নং ০৮.০০.০০০০.০৩৯.০১৪.০১০.১৪-২৪৯**—অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতায় জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত গত ৩০-০৭-২০১৫ তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক এ বিভাগের আওতাধীন প্রকল্প/কর্মসূচির নিম্নোক্ত পরিচালকগণ নিয়ে "প্রজেক্ট ডাইরেক্টরস ফোরাম" (PDs Forum) তৈরী করা হ'ল ঃ

| ক্রমিক নং | প্রকল্প/কর্মসূচী পরিচালকদের নাম ও পদবী | প্রকল্প/কর্মসূচীর নাম |
|---|---|---|
| (১) | জনাব মোঃ ফরিদ উদ্দিন, সদস্য (শুল্ক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা ও কর্মসূচী সমন্বয়কারী। | ASYCUDA World কর্মসূচী |
| (২) | জনাব কালিপদ হালদার, সদস্য (কর আপীল ও অব্যাহতি), জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক। | স্ট্রেংদেনিং অব গভার্নেন্স ম্যানেজমেন্ট প্রকল্প |
| | | সাপোর্ট টু স্ট্রেংদেনিং অব গভার্নেন্স ম্যানেজমেন্ট প্রকল্প |
| (৩) | জনাব মোঃ পারভেজ ইকবাল, সদস্য (আয়কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক। | ট্যাক্স এডমিনিস্ট্রেশন ক্যাপাসিটি এন্ড ট্যাক্সপেয়ার সার্ভিসেস প্রকল্প |
| (৪) | জনাব মোঃ আব্দুর রাজ্জাক, সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক। | জাতীয় রাজস্ব ভবন নির্মাণ প্রকল্প |
| (৫) | জনাব মোঃ রেজাউল হাসান, কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট আপীল-২, ঢাকা ও প্রকল্প পরিচালক। | ভ্যাট অনলাইন প্রকল্প |

২। বর্ণিত প্রকল্পসমূহের মধ্যে ঘনিষ্ট সমন্বয় ও পারস্পারিক সহায়তার মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডের আধুনিকায়ন প্রক্রিয়াকে সুসংহত ও করদাতা বান্ধব পরিবেশ সৃজনের কার্যক্রমে গতিশীলতা আনয়ন করার জন্য এই ফোরাম উদ্ভাবনীমূলক বিভিন্ন কর্মসূচী গ্রহণ করবে। প্রয়োজনবোধে PDs' ফোরাম অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় ও তাদের প্রকল্পসমূহের সাথে কার্যকর যোগাযোগ স্থাপন এবং তথ্য ও শিক্ষার আদান প্রদান করে সেবার মান বৃদ্ধির প্রয়াস চালাবে। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জারীকৃত 'উত্তম চর্চার সংকলন', অন্যান্য মন্ত্রণালয়/বিভাগে স্থাপিত ফোরাম সম্পর্কে অধিকতর তথ্য সংগ্রহ করবে।

৩। প্রকল্প পরিচালকগণ নিজেদের মধ্যে আলোচনাক্রমে PDs' Forum এর জন্য একজন আহবায়ক নির্ধারণ করবেন এবং নিয়মিতভাবে তার সভাপতিত্বে সভায় মিলিত হবেন এবং গৃহিত কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করবেন।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ নজিবুর রহমান**
সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৬**

**আদেশাবলী**

তারিখ, ২৪ আগস্ট ২০১৫

**নং আর-৬/৭এন-৩০/২০১৫-৪৫৬**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে সাতক্ষীরা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ শরিফুল ইসলাম, পিতা জনাব মোঃ নুরুজ্জামানকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নেবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ১৪ সেপ্টেম্বর ২০১৫

**নং আর-৬/৭এন-৩৪/২০১৫-৪৭৫**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে টাঙ্গাইল জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ আব্দুল আলিম, পিতা মৃত আঃ রহমানকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য

সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নেবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

তারিখ, ১৫ সেপ্টেম্বর ২০১৫

**নং আর-৬/৭এন-৩২/২০১৫-৪৭৬**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঝালকাঠি জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, পিতা জনাব মোহাম্মদ মোফাজ্জেল হোসেন খান-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নেবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালার ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-১৩/২০১৫-৪৭৭**—১৯৬১ সালের নোটারী অধ্যাদেশ (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য এ্যাডভোকেট এ, কে, এম গুলজার হোসেন খান, পিতা মৃত কে, এম আলতাফ হোসেন খান-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী পাবলিক হিসাবে কার্য সম্পাদনের নিমিত্তে এতদ্বারা নিম্নেবর্ণিত শর্তাবলী সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ৩(তিন) বৎসরের মেয়াদে নোটারীরূপে নিয়োগ করা হইল।

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে তিনি কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্ততঃ তিন মাস পূর্বে তিনি উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীনে আবেদন পেশ করিবেন।

(খ) ১৯৬৪ সনের নোটারী বিধিমালা ১৯ নং ফরমে তিনি প্রতিবৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে তৎকর্তৃক সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ণ) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বিকাশ কুমার সাহা**
উপ-সচিব (প্রশাসন)।

---

**কৃষি মন্ত্রণালয়**
**গবেষণা শাখা-৩**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ আগস্ট ২০১৫

**নং কৃম/গবে-৩/ইক্ষু-৩/২০০৪/২৪৬**—বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউ (সংশোধন) আইন, ২০০২-এর ২১ নং আইনের "৬(১) চ, জ ও ঞ" ধারার বিধান মোতাবেক বিএসআরআই ব্যবস্থাপনা বোর্ড-এ নিম্নবর্ণিত কর্মকর্তাগণ-কে তাঁদের নাম/পদের পার্শ্বে বর্ণিত ক্যাটাগরীতে সদস্য/সদস্য সচিব হিসেবে মনোনয়ন প্রদান করা হলো ঃ

| ক্রমিক নং | নাম, পদবী ও কর্মস্থল | ক্যাটাগরী | বিএসআরআই ব্যবস্থাপনা বোর্ড-এ পদবী |
|---|---|---|---|
| (১) | যুগ্ম-সচিব (গবেষণা-৩), কৃষি মন্ত্রণালয় | কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| (২) | ড. এ এস এম আমানুল্লাহ<br>মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএসআরআই | উর্ধ্বতন বিজ্ঞানী | সদস্য |
| (৩) | ড. মো. সাইদুর রহমান<br>মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএসআরআই | উর্ধ্বতন বিজ্ঞানী | সদস্য |
| (৪) | ড. সমজিৎ কুমার পাল<br>মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএসআরআই | ইনস্টিটিউটের কর্মকর্তা | সদস্য সচিব |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হেমায়েৎ হোসেন**
যুগ্ম-সচিব।

**তথ্য মন্ত্রণালয়**
**চলচ্চিত্র অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ১০ ভাদ্র ১৪২২/২৫ আগস্ট ২০১৫

**নং ১৫.০০.০০০০.০২৭.৩৭.০১২.১৫.৫৫৮**—শেখ দিদারুল ইসলাম দিদার, প্রযোজক, ডি এম ফিল্মস, ফরিদপুর ম্যানসন, ৭৫/৭৬, কাকরাইল, ঢাকা কর্তৃক প্রযোজিত "জ্বলন্ত নারী" নামক চলচ্চিত্রে সেন্সরবিহীন অশ্লীল দৃশ্য সম্বলিত গান সংযোজন করে প্রদর্শন করায় ও অনুমোদনবিহীন পোস্টার দ্বারা প্রচার কার্য চালানোর দায়ে উক্ত চলচ্চিত্রটির সেন্সর সনদপত্র (নং এলএফ-৮৯/২০০৬, তারিখঃ ১৫-৮-২০০৬) স্থায়ীভাবে বাতিল করা হলো এবং সমগ্র বাংলাদেশে প্রদর্শন নিষিদ্ধ ঘোষণা করা হলো।

২। "জ্বলন্ত নারী" চলচ্চিত্রটি প্রদর্শিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/ব্যক্তিবর্গের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২৯ ভাদ্র ১৪২২/১৩ সেপ্টেম্বর ২০১৫

**নং ১৫.০০.০০০০.০২৭.২৩.০১৯.১৫-৫৮৮**—২০১৪ সালের জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদানের উদ্দেশ্যে নীতিমালা অনুযায়ী ২০১৪ সালে মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্রগুলো মূল্যায়ন করে পুরস্কার প্রাপকদের নাম সুপারিশ করার জন্য নিম্নলিখিত সদস্যদের সমন্বয়ে জুরি বোর্ড গঠন করা হলো :

**সভাপতি**

(১) জনাব এস. এম. হারুন-অর-রশীদ, অতিরিক্ত সচিব (উন্নয়ন), তথ্য মন্ত্রণালয়, ঢাকা।

**সদস্যবৃন্দ**

(২) ড. মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, প্রধান নির্বাহী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট এবং মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, শাহবাগ, ঢাকা।

(৩) অধ্যাপক ড. শফিউল আলম ভূঁইয়া, চেয়ারম্যান, ডিপার্টমেন্ট অব টেলিভিশন এন্ড ফিল্ম স্টাডিজ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

(৪) জনাব মোরশেদুল ইসলাম, চলচ্চিত্র পরিচালক, এপার্টমেন্ট ৩/ডি, বাড়ী নং-৪৫, রোড নং-৪/এ, ধানমন্ডি, ঢাকা।

(৫) জনাব এম এ আলমগীর, অভিনেতা, ড্রীম, ২/৪, ব্লক-এ, মোহাম্মদপুর হাউজিং, মিরপুর রোড, ঢাকা।

(৬) মিজ সুবর্ণা মুস্তফা, অভিনেত্রী, হাউজ নং ৩, রোড নং ৩/এ, ফ্লাট নং ১ ও ২, সেক্টর ৫, উত্তরা, ঢাকা।

(৭) জনাব সুজেয় শ্যাম, সঙ্গীত পরিচালক, আশু (৩য় তলা), ৬৪ ব্লক-এ, লেন-৬, মিরপুর, পল্লবি-১২, ঢাকা।

(৮) মিজ শাম্মী আখতার, সংগীত শিল্পী, ১৪, চামেলীবাগ, শান্তিনগর, লতিফ প্যারাডাইস, ঢাকা।

(৯) জনাব মহিউদ্দিন ফারুক, চলচ্চিত্র নির্মাতা, শিল্প নির্দেশক, চেয়ারম্যান মিডিয়া এন্ড ফিল্ম, স্ট্যামফোর্ড ইউনিভার্সিটি, সিদ্ধেশ্বরী, ঢাকা।

(১০) জনাব চিন্ময় মুৎসুদ্দি, চলচ্চিত্র সাংবাদিক ও গবেষক, আর্কেডিয়া, গ্লোব, বাড়ি-৬, রোড-১৫ (নতুন), ২৮ (পুরাতন), ধানমন্ডি, ঢাকা।

(১১) জনাব আনোয়ার হোসেন, চিত্রগ্রাহক, বাংলাদেশ চলচ্চিত্র গ্রাহক সংস্থা, বিএফডিসি, তেজগাঁও, ঢাকা।

(১২) জনাব মজিবুর রহমান দুলু, চিত্র সম্পাদক, ২৪/ক, আশতখানা লেন, লালবাগ, ঢাকা।

**সদস্য-সচিব**

(১৩) ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড।

**২। জুরি বোর্ডের কার্যপরিধি নিম্নরূপঃ**

(ক) জুরি বোর্ড ২০১৪ সালে মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্র দেখে উক্ত বছরের পুরস্কারের জন্য চলচ্চিত্র, শিল্পী ও কলা-কুশলীদের নাম সুপারিশ করবে;

(খ) জুরি বোর্ড গঠনের পর বোর্ড পুরস্কারের জন্য চলচ্চিত্র আহ্বান করে বিজ্ঞপ্তি জারি করবে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে পুরস্কারের বিবেচনার নিমিত্ত চলচ্চিত্র জমা দেওয়ার জন্য অনুরোধ জানাবে;

(গ) চলচ্চিত্র সংগ্রহ করার পর জুরি বোর্ড সেসব স্ক্রিনিং, পরীক্ষা, পর্যালোচনা ও মূল্যায়ন করে বিবেচ্য বছরের জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য সুপারিশমালা প্রণয়ন করে তথ্য মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

(ঘ) আজীবন সম্মাননা ব্যতীত অন্য সব ক্ষেত্রে শ্রেষ্ঠত্বের বিচারে প্রয়োজনীয় মনে হলে জুরি বোর্ড একাধিক চলচ্চিত্র ও ব্যক্তিকে পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করতে পারবে;

(ঙ) কোনো ক্ষেত্রে জাতীয় পুরস্কারের জন্য যথাযোগ্য মনে না করলে জুরি বোর্ড সেই ক্ষেত্রে সুপারিশ প্রদান থেকে বিরত থাকতে পারে। তবে এক্ষেত্রে সুপারিশ না করার কারণ উল্লেখ করতে হবে;

(চ) জুরি বোর্ড পুরস্কারের প্রতিটি ক্ষেত্রে মুখ্য সুপারিশের পাশাপাশি বিকল্প সুপারিশও প্রদান করবে;

(ছ) জুরি বোর্ড পুরস্কারের জন্য সুপারিশকৃত ব্যক্তিদের জীবন-বৃত্তান্ত মন্ত্রিসভা কমিটির সদয় অবগতি ও বিবেচনার জন্য সুপারিশমালার সাথে দাখিল করবে;

(জ) উপরোক্ত দায়িত্ব সম্পাদনের জন্য প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা ও কার্যক্রম; এবং

(ঝ) জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদানের সুপারিশমালা প্রণয়নের ক্ষেত্রে জুরি বোর্ডের নীতিমালা অনুসরণ করতে হবে।

**৩। নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহ পুরস্কার প্রদানের জন্য বিবেচিত হবেঃ**

(১) আজীবন সম্মাননা

(২) শ্রেষ্ঠ চলচ্চিত্র

(৩) শ্রেষ্ঠ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র

(৪) শ্রেষ্ঠ প্রামাণ্য চলচ্চিত্র

(৫) শ্রেষ্ঠ চলচ্চিত্র পরিচালক

(৬) শ্রেষ্ঠ অভিনেতা প্রধান চরিত্রে

(৭) শ্রেষ্ঠ অভিনেত্রী প্রধান চরিত্রে

(৮) শ্রেষ্ঠ অভিনেতা পার্শ্ব চরিত্রে

(৯) শ্রেষ্ঠ অভিনেত্রী পার্শ্ব চরিত্রে

(১০) শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী খল চরিত্রে

(১১) শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী কৌতুক চরিত্রে

(১২) শ্রেষ্ঠ শিশু শিল্পী

(১৩) শিশু শিল্পী শাখায় বিশেষ পুরস্কার

(১৪) শ্রেষ্ঠ সংগীত পরিচালক

(১৫) শ্রেষ্ঠ নৃত্য পরিচালক

(১৬) শ্রেষ্ঠ গায়ক

(১৭) শ্রেষ্ঠ গায়িকা

(১৮) শ্রেষ্ঠ গীতিকার

(১৯) শ্রেষ্ঠ সুরকার

(২০) শ্রেষ্ঠ কাহিনিকার

(২১) শ্রেষ্ঠ চিত্রনাট্যকার

(২২) শ্রেষ্ঠ সংলাপ রচয়িতা

(২৩) শ্রেষ্ঠ সম্পাদক

(২৪) শ্রেষ্ঠ শিল্প নির্দেশক

(২৫) শ্রেষ্ঠ চিত্রগ্রাহক

(২৬) শ্রেষ্ঠ শব্দগ্রাহক

(২৭) শ্রেষ্ঠ পোশাক ও সাজ-সজ্জা

(২৮) শ্রেষ্ঠ মেক-আপম্যান

৪। জুরি বোর্ডের কোনো সদস্য অথবা তার পরিবারের কোনো সদস্যের নাম এই বোর্ড কর্তৃক বিবেচ্য বছরে জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচনাধীন থাকলে সংশ্লিষ্ট সদস্য আর জুরি বোর্ডের সদস্য থাকতে পারবেন না। একই ক্ষেত্রের অন্য কোনো ব্যক্তি তার স্থলাভিষিক্ত হবেন।

৫। বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড জুরি বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

৬। নীতিমালা অনুযায়ী সুপারিশ প্রণয়ন করে জুরি বোর্ড আগামী ০২ (দুই) মাসের মধ্যে তথ্য মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করবে।

৭। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**জি. এন. নজমুল হোসেন খান**
উপসচিব (চলচ্চিত্র)।

---

**পরিবেশ ও বন মন্ত্রণালয়**
**বন শাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ আগস্ট ২০১৫

**নং ২২.০০.০০০০.০৬৭.২২.০১২.১০-২০০(১০)**—বন্যপ্রাণী (সংরক্ষণ ও নিরাপত্তা) আইন, ২০১২ এর ১৯ ধারার ক্ষমতাবলে মাদারীপুর জেলার সদর উপজেলাধীন ৭৫নং কুমড়াখালী মৌজা এলাকায় অবস্থিত নিম্ন তফসিল বর্ণিত ইকোপার্কের ভূমি বাংলাদেশ গেজেটে প্রকাশের তারিখ হতে বন্যপ্রাণী সংরক্ষণ, বৃক্ষ সম্পদ সংরক্ষণ, গবেষণা ও পর্যটন সুবিধাদি উন্নয়নের লক্ষ্যে "চর মুগরিয়া ইকোপার্ক এলাকা" হিসেবে ঘোষণা করা হলো।

**তফসিল**

| জেলা | উপজেলা | মৌজা | জে.এল নং | খতিয়ান | দাগ নং | এরিয়া (একর) |
|---|---|---|---|---|---|---|
| মাদারীপুর | সদর | কুমড়াখালী | ৭৫ | ১ | ১০৩২ | ৫.২৭ |
| মাদারীপুর | সদর | কুমড়াখালী | ৭৫ | ১ | ১৫২৫ | ৫.০৯ |
| | | | | | সর্বমোট: | ১০.৩৬ |

**চৌহদ্দির বিবরণ :**

উত্তর : সরকারি রাস্তা।

দক্ষিণ : বসতবাড়ী ও সরকারি রাস্তা

পূর্ব : বসতবাড়ী ও সরকারি রাস্তা/কুমার নদী

পশ্চিম : বসতবাড়ী।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল উদ্দিন আহ্‌মেদ**
ভারপ্রাপ্ত সচিব।

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৪ ভাদ্র ১৪২২/০৮ সেপ্টেম্বর ২০১৫

**নং ৩৯.০০.০০০০.০১৮.২২.০৩৫.১৫-১২১**—বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট আইন, ২০১৫ (২০১৫ সনের ০৭নং আইন) এর ধারা ৩ এর উপধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট (Bangladesh Oceanographic Reseaech Institute) প্রতিষ্ঠা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সিরাজুল হক খান**
ভারপ্রাপ্ত সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ, ১৫ ভাদ্র ১৪২২/৩০ আগস্ট ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৩৬.০৪৯.১৩.১৫-৩১৮**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছেঃ

| ক্রমিক | মৌজার নাম | জে, এল নং | উপজেলার নাম | জেলা |
|---|---|---|---|---|
| (১) | ফরাদপুর | ৩১৫ | গোদাগাড়ী | রাজশাহী |
| (২) | বাদল বারইপাড়া | ৩৬৬ | গোদাগাড়ী | রাজশাহী |
| (৩) | গড়গড়ি | ১৫৩ | বাঘা | রাজশাহী |

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩১.০০৮.২০১৪-৩১৯**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছেঃ

| ক্রমিক | মৌজার নাম | জে, এল নং | উপজেলার নাম | জেলা |
|---|---|---|---|---|
| (১) | চর বিলাসপুর | ২৬ | দোহার | ঢাকা |
| (২) | ছোট আলীপুর | ২৩ | গজারিয়া | মুন্সিগঞ্জ |

তারিখ, ১৭ ভাদ্র ১৪২২/০২ সেপ্টেম্বর ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৩৬.০৪৯.১৩.১৫-৩২৯**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রমিক | মৌজার নাম | জে, এল নং | উপজেলার নাম | জেলা |
|---|---|---|---|---|
| (১) | করিয়ার দিয়ার | ১১ | পেকুয়া | কক্সবাজার |

তারিখ, ৩০ ভাদ্র ১৪২২/১৪ সেপ্টেম্বর ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩১.০০৪.১৪-৩৪৫**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের সংশোধিত স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রমিক | মৌজার নাম | জে, এল নং | উপজেলার নাম | জেলা |
|---|---|---|---|---|
| (১) | বাঘুটিয়া | ৯৫ | বালিয়াকান্দি | রাজবাড়ী |
| (২) | কমলেশ্বরদী | ৩৭ | বোয়ালমারী | ফরিদপুর |

**মোঃ রফিকুল ইসলাম**
উপ-সচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**অধিশাখা-২ (মাঠ প্রশাসন)**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২৫ আগস্ট ২০১৫

**নং ৩১.০০.০০০০.০৪৬.১৫.১৪৬.১২(অংশ-১)-৪৮৯**—নির্দেশিত হয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৬-১২-২০১২ তারিখের ০৫.১৫৬.০১৫.০৩.০০.১০০.১৯৯২-২১১ নং স্মারকপত্রে এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ১৫-০৪-২০১৩ তারিখের অম/অবি/ব্যঃনিঃ-২/ভূমি-৩/৯৭/৯৯ নং স্মারকে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন ভূমি সংস্কার বোর্ডের অধীন বরিশাল বিভাগের উপ-ভূমি সংস্কার কমিশনার অফিসের জন্য অস্থায়ীভাবে সৃষ্ট ০৩টি পদের মেয়াদ ০১-০৬-২০১০ হতে ৩১-০৫-২০১২ তারিখ পর্যন্ত ভূতাপেক্ষ সংরক্ষণ এবং ০১-০৬-২০১২ হতে ৩১-০৬-২০১৩ তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি ঃ

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী |
|---|---|---|---|
| (১) | উপ-ভূমি সংস্কার কমিশনার | ০১(এক) টি | ২৫৭০৫—৩৩৭৫০ |
| (২) | সাঁট-মুদ্রাক্ষরিক | ০১(এক) টি | ৫২০০—১১২৩৫ |
| (৩) | এমএলএসএস | ০১(এক) টি | ৪১০০—৭৭৪০ |
| | মোট= | ০৩(তিন) টি | |

২। উক্ত পদের ব্যয় ২০১৫-২০১৬ অর্থ বছরের বাজেটে ৪৬-ভূমি মন্ত্রণালয়-৪৬০৭-ভূমি সংস্কার বোর্ডের কোড ৪৫০১ হতে মিটানো হবে।

৩। সকল আনুষ্ঠানিকতা পালনপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ জি, ও জারি করা হলো।

**এ, টি, এম, মোস্তফা কামাল**
উপসচিব।

---

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**ক্রীড়া-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ০৬ আগস্ট ২০১৫

**নং ৩৪.০০.০০০০.০৭১.০১১.১৩১.২০১০-৪২৯**—জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (সংশোধনী অধ্যাদেশ-১৯৭৬) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নবনিযুক্ত বিমান বাহিনী প্রধান এয়ার ভাইস মার্শাল আবু এসরার, বিবিপি, এনডিসি, এসিএসসি-কে বাংলাদেশ হকি ফেডারেশনের সভাপতি পদে নিয়োগ প্রদান করা হলো।

**নং ৩৪.০০.০০০০.০৭১.০১১.১৩১.২০১০-৪৩০**—জাতীয় ক্রীড়া পরিষদের ২৩-০৭-২০১৫ তারিখের এনএসসি/১২০/জেন/১৮১৪ নং স্মারকের প্রেক্ষিতে জাতীয় ক্রীড়া পরিষদ আইন, ১৯৭৪ (সংশোধনী অধ্যাদেশ-১৯৭৬) এর ২০ ধারার প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক জনাব এয়ার মার্শাল মোহাম্মদ ইনামুল বারী, বিবিপি, এনডিইউ, পিএসসি-কে বাংলাদেশ হকি ফেডারেশন এর সভাপতি পদের দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সিরাজুছ ছালেকীন**
সহকারী সচিব।

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**সওজ গেজেটেড সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৮ সেপ্টেম্বর ২০১৫

**নং ৩৫.০০.০০০০.০২২.১৫.০৫৪.১৪-৭০৯**—জনাব আসিফ ইকবাল মোহাম্মদ ফয়সল (৬০১৯৫৭), নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা {প্রাক্তন প্রকল্প ব্যবস্থাপক (নিঃ প্রঃ, চঃ দাঃ)-২. গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট, ঢাকা}-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক ০৬-০৮-২০১৫ তারিখ হতে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

২। প্রচলিত বিধি মোতাবেক তিনি খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**

**শাখা-৬**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৯ ভাদ্র ১৪২২/২৪ আগস্ট ২০১৫

**নং সবিম/শাঃ-৬/প্রত্নঃঅধি-১০/২০১০/১১৮**—চট্টগ্রাম জেলার বোয়ালখালী উপজেলার কধুরখীল উচ্চ বিদ্যালয়ের প্রাচীন মৃৎভবন ১৯৬৮ সালের প্রত্নসম্পদ সংরক্ষণ আইন (১৯৭৬ সালে সংশোধিত) অনুযায়ী পুরাকীর্তি হিসেবে সংরক্ষণযোগ্য বিবেচিত হওয়ায় সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ " বলিয়া ঘোষণা করা হইল ঃ

| ক্রমিক নং | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান নং | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| (১) | কধুরখীল উচ্চ বিদ্যালয়ের প্রাচীন মৃৎভবন ও পার্বতী চরণ দিঘী ইউনিয়ন-পোপদিয়া উপজেলা-বোয়ালখালী জেলা-চট্টগ্রাম | ৩নং আকুবদন্ডী | ৫<br>৮৮৩<br>৮৯৫<br>১২২৯<br>৫৪৩<br>৫৪১<br>৫৪২<br>১৮৮৪ | ৫০৫১<br>৫০৫২<br>৫০৫৩<br>৫০৫৪<br>৫০৫৫<br>৫০৫৬<br>৫০৫৭<br>৫০৫৮<br>৫০৫৯ | ১.৪১<br>০.৪১<br>১.৯১<br>০.৩৮<br>০.২৮<br>০.১৫<br>০.১৭<br>০.১০<br>০.০৯ | দক্ষিণে ছনদন্ডী খাল<br>পশ্চিমে ছনদন্ডী খাল<br>উত্তরে জমি দখলকার<br>মৃণাল চৌং, বিশু চৌং<br>পূর্বে আলী আহমদ<br>কমিশনার সড়ক | ১) জামাল উদ্দিন, পিতা-ফারজান আহাং<br>২) জামাল উদ্দিন, পিতা-জাকের আহাং<br>কধুরখীল হাই স্কুলের পক্ষে ম্যানেজমেন্ট কমিটি হাছান ছফা, পিতা-মকবুল আহাং | সুস্পষ্ট নয় | |
| (২) | পার্বতী চরণ দিঘী ইউনিয়-কধুরখীল উপজেলা-বোয়ালখালী জেলা-চট্টগ্রাম | কধুরখীল | ১৫৬৫<br>৪০৮৬<br>১৪৫<br><br>১১১৬<br>১৫৫৮<br>২৮১১<br>২১৯৮ | ১২০২৭<br>১২০২৮<br>১২০২৮<br>১২০৩০<br>১২০২৯<br>১২০২৮<br>১২০২৬<br>১২০২৮ | ০.২৩<br>০.০১<br>০.০১<br>০.১৩<br>০.০৩<br>০.০১<br>০.১৮<br>০.০১ | পশ্চিমে ও দক্ষিণে ছনদন্ডী খাল অবস্থিত | ১) নুরুল হক চৌং পিতা-সুলতান আহমদ চৌং<br>২) রিদোয়ান মিয়া, পিতা-আলীম উল্লাহ<br>৩) আজিজুল হক, পিতা-আলীম উল্লাহ<br>৪) আমিন শরীফ পিতা-চুন্নু মিয়া<br>৫) আবছার মিয়া গং পিতা-আব্দুল জব্বার<br>৬) ইসলাম, পিতা-সোলতান আহম্মদ<br>৭) জানে আলম, পিতা-আলীম উল্লাহ, সর্বসাং-কধুরখীল ও অন্যান্য। | ঐ | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ভেনিসা রড্রিক্স**
সিনিয়র সহকারী সচিব।

**সমাজকল্যাণ মন্ত্রণালয়**

**(প্রতিষ্ঠান ও প্রতিবন্ধিতা বিষয়ক শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৫ জ্যৈষ্ঠ ১৪২১/১৯ মে ২০১৪

**নং ৪১.০০.০০০০.০৫৪.৫২.০৫২.১৩-১৬৯**—প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ১৯১৩ এর ২৪ ধারা অনুযায়ী নিম্নরূপভাবে শহর কমিটি (সিটি কর্পোরেশন/পৌরসভা) গঠন করা হলো :

**ক. শহর কমিটি (সিটি কর্পোরেশন এলাকা)**

**সভাপতি**

(১) প্রধান নির্বাহী কর্মকর্তা বা ক্ষেত্রমত, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন

**সদস্যবৃন্দ**

(২) জেলা প্রশাসক কর্তৃক মনোনীত কোন উপযুক্ত কর্মকর্তা

(৩) সিটি কর্পোরেশনের বা ক্ষেত্রমত, সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়ের মেডিকেল অফিসার

(৪) উপজেলা বা ক্ষেত্রমত, থানা শিক্ষা কর্মকর্তা (প্রযোজ্য ক্ষেত্রে)

(৫) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বা তদ্‌কর্তৃক মনোনীত কোন উপযুক্ত কর্মকর্তা

(৬) সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (প্রযোজ্য ক্ষেত্রে)

(৭) প্রতিবন্ধী ব্যক্তির অধিকার সুরক্ষায় কর্মরত বেসরকারি সংস্থা বা প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন বা স্ব-সহায়ক সংগঠন হতে সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা বা ক্ষেত্রমত, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা মনোনীত ২ (দুই) জন প্রতিনিধি (একজন মহিলা ও একজন পুরুষ)

**সদস্য-সচিব**

(৮) শহর সমাজসেবা কর্মকর্তা

**খ. শহর কমিটি (পৌরসভার এলাকা)**

**সভাপতি**

(১) সংশ্লিষ্ট পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা

**সদস্যবৃন্দ**

(২) সংশ্লিষ্ট পৌরসভার মেডিকেল অফিসার

(৩) সংশ্লিষ্ট উপজেলা বা থানা শিক্ষা কর্মকর্তা

(৪) সংশ্লিষ্ট থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা

(৫) সংশ্লিষ্ট উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বা ক্ষেত্রমত, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক মনোনীত কোন উপযুক্ত কর্মকর্তা

(৬) প্রতিবন্ধী ব্যক্তির অধিকার সুরক্ষায় কর্মরত বেসরকারি সংস্থা বা প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠন বা স্ব-সহায়ক সংগঠন হতে পৌরসভার মেয়র কর্তৃক মনোনীত ২ (দুই) জন প্রতিনিধি (একজন মহিলা ও একজন পুরুষ)

**সদস্য-সচিব**

(৭) শহর সমাজসেবা কর্মকর্তা

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবেদা আফসারী**
সহকারী সচিব।

---

**শিল্প মন্ত্রণালয়**
**পরিকল্পনা-০৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ ভাদ্র ১৪২২/২৫ আগস্ট ২০১৫

**নং ৩৬.০৮৪.০০২.০৭.০৩.০০৫.১৩.১০৫(ক)**—শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে বিসিক কর্তৃক বাস্তবায়নাধীন "চামড়া শিল্পনগরী, ঢাকা (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের সিইটিপি, ডাম্পিং ইয়ার্ড ইত্যাদি নির্মাণ কাজের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত গত ১৩-০৮-২০১৫ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) এর পরিচালক (প্রকল্প)-কে আহবায়ক করে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট নিম্নোক্ত কমিটি গঠন করা হ'ল ঃ

**আহবায়ক**

(১) পরিচালক (প্রকল্প), বিসিক

**সদস্যবৃন্দ**

(২) যুগ্ম-প্রধান, শিল্প মন্ত্রণালয়

(৩) টিম লিডার, বিআরটিসি, বুয়েট

(৪) Authorized representative, JLEPCL-DCL-JV

**সদস্য-সচিব**

(৫) প্রকল্প পরিচালক

২। **কমিটির কার্য-পরিধি (TOR) :**

(ক) প্রকল্পের আওতায় CETP, STP ও SPGS ইত্যাদি নির্মাণ কাজ নিয়মিত তদারকি করা;

(খ) কমিটি প্রকল্পটি বাস্তবায়নের স্বার্থে সমস্যা/সমূহ চিহ্নিত করে সমাধানের সম্ভাব্য উপায় সুপারিশ করতে পারবে;

(গ) কমিটি প্রতি দু'সপ্তাহ অন্তর বর্ণিত নির্মাণ কাজের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন শিল্প মন্ত্রণালয়ের সচিব বরাবর দাখিল করবে; এবং

(ঘ) কমিটি প্রয়োজনে কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফররুখ আহম্মদ**
সিনিয়র সহকারী প্রধান।

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়
## কারা অধিশাখা-২

### প্রজ্ঞাপন

তারিখ, ৫ আশ্বিন ১৪২২/২০ সেপ্টেম্বর ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০২.১৫-১৫০**—পবিত্র ঈদ-উদ-আযহা ২০১৫ উপলক্ষে লঘু অপরাধে দণ্ডিত মুক্তিযোগ্য কয়েদীদের মুক্তি প্রদানের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ধারা ৪০১ এর উপ-ধারা ১ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্নবর্ণিত ছকে উল্লিখিত ১১ (এগার) জন কয়েদীর আরোপিত জরিমানা পরিশোধ সাপেক্ষে অবশিষ্ট কারাদণ্ড মওকুফ করা হয়েছেঃ

| ক্রমিক নং | কয়েদী নম্বর, নাম, পিতার নাম ও বয়স | কারাগারের নাম |
|---|---|---|
| (১) | কয়েদী নং-৫০৮৯/এ, মোঃ মাহাবুর রহমান, পিতা-মৃত ওয়াজ উদ্দিন, বয়স-৪৬ বৎসর। | রাজশাহী কেন্দ্রীয় কারাগার |
| (২) | কয়েদী নং-৪৩৫৮/এ, মোঃ মিন্টু, পিতা মৃত একাব্বর আলী, বয়স-৪৫ বৎসর | লালমনিরহাট জেলা কারাগার |
| (৩) | কয়েদী নং-৪৬৪৯/এ, মোঃ রফিকুল ইসলাম, পিতা-মৃত আজগর আলী, বয়স-৪১ বৎসর | |
| (৪) | কয়েদী নং-৪২৮/এ, আব্দুল মান্নান, পিতা-সুজাউল হক, আনুমানিক বয়স-৩০ বৎসর | চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার |
| (৫) | কয়েদী নং-৯৬৪৭/এ, আবুল কাশেম, পিতা-আঃ রশিদ, আনুমানিক বয়স-৫৫ বৎসর | |
| (৬) | কয়েদী নং-৯৫৮৭/এ, রবিউল হোসেন @ বাচা মিয়া, পিতা-হাজী আঃ হক, আনুমানিক বয়স-৫৭ বৎসর | |
| (৭) | কয়েদী নং-৬৮৮২/এ, কটাই মিয়া @ জিল্লুর রহমান, পিতা-মৃত হাছান আলী, বয়স-৩৬ বৎসর | সিলেট কেন্দ্রীয় কারাগার |
| (৮) | কয়েদী নং-৬৮৮৩/এ, ফারুক মিয়া, পিতা-মৃত হাছান আলী, বয়স-৫৫ বৎসর | |
| (৯) | কয়েদী নং-৭১২৮/এ, এখলাছ মিয়া, পিতা-মৃত গয়াস মিয়া, বয়স-৩৫ বৎসর | |
| (১০) | কয়েদী নং-৫৮১৮/এ, ছবির হোসেন, পিতা-জলফু মিয়া, বয়স-৩০ বৎসর | সুনামগঞ্জ জেলা কারাগার |
| (১১) | কয়েদী নং-৬২৩৮/এ, মোঃ ইন্তাজ, পিতা-লাল মোহাম্মদ, বয়স-৪৪ বৎসর | চুয়াডাংগা জেলা কারাগার |

২। এ আদেশে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

৩। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাদেরকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সাহানা**
উপসচিব।

## আইন অধিশাখা-৩

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ১০ ভাদ্র ১৪২২/২৫ আগস্ট ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৮.১৪-৫১৬**—দিনাজপুর জেলার হাকিমপুর থানার মামলা নম্বর-০১, তারিখ ১-১২-২০১৪ খ্রিঃ মোতাবেক অভিযুক্ত মোঃ সুমন খন্দকার (৩৬), সেক্রেটারী জামায়াত ইসলামী বাংলাদেশ হাকিমপুর পৌর শাখা, পিতা-মৃতঃ ডাঃ আঃ কাদের, সাং-দক্ষিণ বাসদেবপুর মহিলা কলেজ পাড়া, থানা-হাকিমপুর, জেলা-দিনাজপুর গং বেআইনী জনতায় দলবদ্ধ হয়ে বাংলাদেশ জামায়াতী ইসলামী শীর্ষ নেতা জামায়াতে ইসলামের আমীর মাওলানা মতিউর রহমান নিজামী ও সহকারী সেক্রেটারী জেনারেল কামরুজ্জামানের সম্প্রতি মৃত্যু দণ্ডের রায় অকার্যকর করার জন্য এবং জেলে আটক জামায়াতের অন্যান্য শীর্ষ নেতাদের মুক্তির জন্য হাকিমপুর থানা এলাকায় বিশৃঙ্খলা সৃষ্টি, সরকারি সম্পদের ক্ষতিসাধন, দোকানপাট ভাংচুর, চলমান যানবাহন ভাংচুরসহ সাধারণ উদ্দেশ্যে বাস্তবায়নের লক্ষ্যে অপরাধমূলক ষড়যন্ত্রে লিপ্ত থাকায় অভিযুক্তগণের বিরুদ্ধে পেনাল কোড, ১৮৬০ এর ১২০-খ ধারায় মামলা রুজুর লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় ফৌজদারি কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬-ক ধারার অধীন সরকারের অনুমোদন (Sanction) নির্দেশক্রমে এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখ, ১২ ভাদ্র ১৪২২/২৭ আগস্ট ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০৩.০০১.২০১৫-৫২৫**—ডিএমপি, ঢাকার মিরপুর মডেল থানার মামলা নম্বর-১৯, তারিখ-০৬-১১-২০১৪ খ্রিঃ "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)}" এর ৯/১০/১১/১২/১৩ ধারায় মামলার আসামীগণ মিরপুর মডেল থানাধীন কল্যাণপুরস্থ ৬/এ/১ রাজিয়া টাওয়ার এফ-৮ ফ্লাটে অভিযুক্ত মোঃ মোরশেদ আলম (২৮)@ মাসুম@ ট্রাক্টর, পিতা-মোঃ খোরশেদ আলম, মাতা-কামরুন্নাহার, সাং-দক্ষিণচর মজলিশপুর, থানা-সোনাগাজী, জেলা-ফেনী গং এ/পি কল্যাণপুরস্থ ৬/এ/১ রাজিয়া টাওয়ার, এফ-৮ফ্লাটে বাংলাদেশের জন নিরাপত্তা বিপন্ন, জঙ্গি তৎপরতা, প্ররোচনা দান, মোবাইল ফোনের মাধ্যমে বাংলাদেশের অখণ্ডতা, সার্বভৌমত্ব ও নিরাপত্তা বিপন্ন করার অভিযোগ প্রাথমিকভাবে তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় "সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)}" এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খাদিজা তাহেরা ববি**
সিনিয়র সহকারী সচিব।

---

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
## শৃঙ্খলা-১ শাখা

### আদেশাবলী

তারিখ, ১৮ ভাদ্র ১৪২২/২ সেপ্টেম্বর ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৭.২০১৩-৫৬৭**—যেহেতু ডাঃ নাফিসা নূর (৩৯০৫৮), সহকারী অধ্যাপক, রেডিওলজি ও ইমেজিং বিভাগ, জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা গত ১০-২-২০১৩ খ্রিঃ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা

ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ২৮-১১-২০১৩ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৭.২০১৩-৯৯৩ নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ২০-৮-২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৫৭.২০১৩-৬৪৭ নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর জবাব সন্তোষজনক না হওয়ায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ২২-০৬-২০১৫ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০১৯.২০১৫-১৯২ নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ১৮-০৮-২০১৫ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ নাফিসা নূর (৩৯০৫৮), সহকারী অধ্যাপক, রেডিওলজি ও ইমেজিং বিভাগ, জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকাকে তাঁর অননুমোদিত অনুপস্থিতির তারিখ ১০-০২-২০১৩ খ্রিঃ থেকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

তারিখ, ২ আশ্বিন ১৪২২/১৭ সেপ্টেম্বর ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৮.২০১৩-৬১২**—যেহেতু ডাঃ শামসুল আরেফিন (৪০৩১৭), মেডিকেল অফিসার (জীবাণুবিদ), ইনস্টিটিউট অব পাবলিক হেলথ (আইপিএইচ), মহাখালী, ঢাকা (প্রাক্তন মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কালকিনী, মাদারীপুর) গত ৮-৩-২০০৬ খ্রিঃ তারিখ হতে ০৫-০৬-২০১১ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে বিভাগীয় মামলা রুজু করে ৮-০৪-২০১৪ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৮.২০১৩-২৯৫ নং স্মারকে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে তাঁকে সরকারি চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে ১২-১২-২০১৪ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৮.২০১৩-৯৬৬ নং স্মারকে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং তাঁর জবাব সন্তোষজনক না হওয়ায় তাঁকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের মতামত চাওয়া হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন তাঁকে চাকুরি হতে বরখাস্ত করার বিষয়ে ৩০-০৬-২০১৫ তারিখের ৮০.১০৭.০৩৪.০০.০০.০২১.২০১৫-২১১ নং স্মারকে কর্তৃপক্ষের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি গত ০২-০৯-২০১৫ তারিখে সদয় অনুমোদন করেছেন;

এক্ষণে সেহেতু সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(৩)(ডি) বিধি মোতাবেক ডাঃ শামসুল আরেফিন (৪০৩১৭), মেডিকেল অফিসার (জীবাণুবিদ), ইনস্টিটিউট অব পাবলিক হেলথ (আইপিএইচ), মহাখালী, ঢাকাকে সরকারি চাকুরি হতে বরখাস্ত করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং জারির তারিখ হতে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

---

## আদেশাবলী

তারিখ, ১৭ সেপ্টেম্বর ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০১৬.২০১৫-৬১৬**—যেহেতু, ডাঃ আসমা চৌধুরী (১০০০৯৪৯), ইমার্জেন্সি মেডিকেল অফিসার, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১৮-০৮-২০১৫ খ্রিঃ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৬.২০১৫-৫১৬ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৮-০৯-২০১৫ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ আসমা চৌধুরী (১০০০৯৪৯), ইমার্জেন্সি মেডিকেল অফিসার, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৬.২০১৫-৬১৭**—যেহেতু, ডাঃ দিলরুবা ইয়াছমিন (১১১১৫৮), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপেপ্লক্স, বেড়া, পাবনা বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১৮-০৮-২০১৫ খ্রিঃ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.৪৬.২০১৫-৫১৩ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ০৮-০৯-২০১৫ তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে, সেহেতু, ডাঃ দিলরুবা ইয়াছমিন (১১১১৫৮), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপেপ্লক্স, বেড়া, পাবনা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তাঁর বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাঁকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

**বিমান কুমার সাহা** এনডিসি
অতিরিক্ত সচিব।

---

**শৃঙ্খলা-২ শাখা**

**আদেশাবলী**

তারিখ, ৬ সেপ্টেম্বর ২০১৫

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০০১.২০১৫-২৪৫**—যেহেতু, জনাব মোঃ রাজিবুল হাসান, অডিও ভিজ্যুয়াল স্পেশালিষ্ট, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), আজিমপুর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণ অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামালার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং সে প্রেক্ষিতে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এমতাবস্থায়, সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে অভিযুক্ত জনাব মোঃ রাজিবুল হাসান, অডিও ভিজ্যুয়াল স্পেশালিষ্ট, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), আজিমপুর, ঢাকা-কে এ বিভাগীয় মামলার দায় থেকে অব্যাহতি প্রদান করে অত্র বিভাগীয় মোকদ্দমা নিষ্পত্তি করা হল।

তারিখ, ১৬ সেপ্টেম্বর ২০১৫

**নং ৪৫.১৫১.০২৭.০১.০০.০৪৪.২০১৪-২৪৯**—যেহেতু, জনাব মোঃ নাছির উদ্দিন, সহকারী প্রধান (প্রশাসন ও প্রশিক্ষণ), স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর দায়ে ০৯-০৩-২০১৫ তারিখে ৪৫.১৫১.০২৭.০১.০০.০৪৪.২০১৪-৭৫ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ১৬-০৪-২০১৫ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু তাঁর ব্যক্তিগত শুনানী সন্তোষজনক বিবেচিত না হওয়ায় আনীত অভিযোগের বিষয় তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন দাখিল করেন;

এক্ষণে, সেহেতু, জনাব মোঃ নাছির উদ্দিন, সহকারী প্রধান (প্রশাসন ও প্রশিক্ষণ), স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনাপূর্বক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(ই) বিধি মোতাবেক আগামী ০২ (দুই) বছরের জন্য ২০০৯ সালের জাতীয় বেতন স্কেলের টাকা ১৫,০০০-৭০০×১৬-২৬,২০০ এর সর্বনিম্ন ধাপে অবনমিত করে তাঁর বেতন ১৫,০০০ টাকা নির্ধারণ করার শাস্তি আরোপ করা হল। এই স্থগিতজনিত বেতন–ভাতা তিনি পরবর্তীতে বকেয়া হিসেবে প্রাপ্য হবেন না। আদেশ জারির তারিখ থেকে এ সিদ্ধান্ত কার্যকর হবে।

**বিমান কুমার সাহা** এনডিসি
অতিরিক্ত সচিব।

---

**পার-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ আগস্ট ২০১৫

**নং ৪৫.১৪২.০১৯.০০.০০.০৪৮.২০১৪-৪২৯**—পুনরায় আদেশ না দেয়া পর্যন্ত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১৬-৮-২০১৫ তারিখের ৪৫.১৪২.০১৯.০০.০০.০৪৮.২০১৪-৪১৯ নম্বর প্রজ্ঞাপনটি মহামান্য হাইকোর্টের রীট মামলা নং W.P-NO-৪৬৮৭/০৮ এর স্থিতাবস্থার প্রেক্ষিতে এতদ্বারা বাতিল করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মইনউদ্দিন আহ্‌মদ**
উপসচিব।

---

## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

**স্থানীয় সরকার বিভাগ**

**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৫ ভাদ্র ১৪২২/২০ আগস্ট ২০১৫

**নং ৪৬.০৬৩.০২৭.০১.০০.০০৫.২০১৩-১৩১৭**—যেহেতু, আপনি জনাব হেলালুজ্জামান (হেলাল), গোলাপগঞ্জ পৌরসভার ৭ নং ওয়ার্ড কাউন্সিলর;

যেহেতু আপনার বিরুদ্ধে গোলাপগঞ্জ মডেল থানার মামলা নং ১৯ তারিখ ২৮-১১-২০১৩ খ্রিঃ ধারা-আইন শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) আইন, ২০১২ এর ০৪ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে এবং মামলাটি (গোলাপগঞ্জ জি. আর ২৯৬/১৩ ইং) বিজ্ঞ আদালতে বিচারাধীন রয়েছে;

যেহেতু, বর্ণিত মামলায় দাখিলীয় অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় এবং মামলাটি বিচারাধীন থাকায় গোলাপগঞ্জ পৌরসভার কাউন্সিলরের ক্ষমতা প্রয়োগ উক্ত পৌরসভা তথা জনস্বার্থের পরিপন্থি এবং প্রশাসনিক দৃষ্টিকোণ থেকে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে।

যেহেতু, সরকার আপনাকে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩১(১) ধারার বিধান অনুযায়ী পোলাপগঞ্জ পৌরসভার ৭ নং ওয়ার্ড কাউন্সিলর পদ হতে আপনি জনাব হেলালুজ্জামান (হেলাল)'কে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খলিলুর রহমান**
উপ সচিব।

---

**পাস-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ আগস্ট ২০১৫

**নং ৪৬.০৮৫.০১১.০১.০০.০৩৪.২০১১-৬৭০**—পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন ১৯৯৬ (১৯৯৬ এর ৬ নং আইন) এর ২৮(১) ধারার বিধান মোতাবেক ঢাকা ওয়াসা বোর্ডের ৯০তম বিশেষ সভার সুপারিশের প্রেক্ষিতে পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন ১৯৯৬ (১৯৯৬ এর ৬ নং আইন) এর ২৮ এর উপ ধারা (১) ও (২) অনুসারে প্রকৌশলী তাকসিম এ খান-কে ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)-এর ব্যবস্থাপনা পরিচালক পদে ০২ (দুই) বছরের জন্য (১৪ অক্টোবর ২০১৫ থেকে ১৩ অক্টোবর, ২০১৭ পর্যন্ত) চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হল।

**লুৎফুন নাহার**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৫ অগ্রহায়ণ ১৪২২/১৯ নভেম্বর ২০১৫

**নং ০৩.০৭৩.০৪৬.২৫.০০.০০৯.২০১৫-৩১৭**—ঢাকা শহরের বিভিন্ন এলাকায় ভবনের উচ্চতার সীমা নির্ধারণের লক্ষ্যে সুপারিশ প্রণয়নের জন্য নিম্নরূপ একটি কমিটি গঠন করা হলো :

**আহ্বায়ক**

(ক) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(খ) চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

(গ) চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

(ঘ) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর

(ঙ) প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর

(চ) বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি

(ছ) বাংলাদেশ বিমান বাহিনীর প্রতিনিধি

(জ) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের প্রতিনিধি

২। **কার্যপরিধি ঃ**

(ক) কমিটি বিমান উড্ডয়ন, মাটির গঠনপ্রকৃতি, পারিপার্শ্বিক স্থাপনা ইত্যাদি সার্বিক বিবেচনার পর যৌক্তিকতাসহ সুনির্দিষ্ট সুপারিশ প্রণয়ন করবে।

(খ) কমিটি আগামী ০১ (এক) মাসের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করবে।

(গ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার**
পরিচালক।

---

**অর্থ মন্ত্রণালয়**
**অর্থনৈতিক সম্পর্ক বিভাগ**
**প্রশাসন-৫ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৪ অক্টোবর ২০১৫

**নং ০৯.৩১৫.০২৪.০১.২১.১৬৭.২০১৩-২৪৯**—চীনের বেইজিংস্থ বাংলাদেশ দূতাবাসে অর্থ মন্ত্রণালয়ের অর্থনৈতিক সম্পর্ক বিভাগের আওতাধীন একটি নতুন ইকনমিক উইং এতদ্বারা স্থাপন করা হলো। উক্ত উইং-এর কার্যাবলী সম্পাদনের নিমিত্ত ইকনমিক কাউন্সেলরের **১**টি, অফিস এসিস্ট্যান্ট কাম দোভাষী-এর **১**টি ও গাড়িচালক কাম মেসেঞ্জার-এর **১**টি পদ নিম্নোক্তভাবে সৃজন করা হলো :

| ক্রমিক নং | পদের নাম | বেতনক্রম (জাতীয় বেতনস্কেল ২০০৯ অনুযায়ী) | পদের সংখ্যা |
|---|---|---|---|
| (১) | ইকনমিক কাউন্সেলর (উপসচিব/সমমর্যাদা সম্পন্ন পদ) | টাঃ ২২,২৫০-৩১,২৫০/- (৫ম গ্রেড) | ০১ টি |
| (২) | অফিস এ্যাসিস্টযান্ট কাম দোভাষী | স্থানীয় ভিত্তিক নিয়োগযোগ্য | ০১ টি |
| (৩) | গাড়ীচালক কাম মেসেঞ্জার | স্থানীয় ভিত্তিক নিয়োগযোগ্য | ০১ টি |

২। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ মেজবাহউদ্দিন**
সিনিয়র সচিব।

**গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়**
**শাখা-১০**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ৩০ আশ্বিন ১৪২২/১৫ অক্টোবর ২০১৫

**নং আঃ কোঃ বিবিধ-৯/২০০৮-৩৫৮**—মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১৪৮৭/৯৮ হতে উদ্ভূত কনটেম্পট পিটিশন নং ২৪১/২০১০ এর রায় বাস্তবায়নার্থে ২৩ শে সেপ্টেম্বর ১৯৮৬ তারিখে বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা ৯৭৬২(৪) নম্বর পৃষ্ঠার ২২ নম্বর ক্রমিকে প্রকাশিত নিম্নবর্ণিত প্লটের ভূমি সরকার পরিত্যক্ত সম্পত্তির "ক" তালিকা থেকে শর্ত সাপেক্ষে অবমুক্ত করলেন :

**"ক্যান্টনমেন্ট এলাকা, ঢাকা'র মৌজা ধামালকোট, ৬৪ নম্বর প্লটের আংশিক ১.১৪ একর ভূমি"।**

২। এ অবমুক্তির পূর্ব পর্যন্ত উক্ত ভূমি পরিত্যক্ত সম্পত্তির তালিকায় অন্তর্ভুক্ত থাকাকালীন সরকারের নিকট কেহ কোন প্রকার ক্ষতিপূরণ দাবি করতে পারবেন না।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খেনচান**
উপসচিব।

---

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**অধিশাখা-৬**

**রেজলিউশন**

তারিখ, ৮ অগ্রহায়ণ ১৪২২/২২ নভেম্বর ২০১৫

**নং ৪০.০০.০০০০.০১৬.৩১.০১.২০১৫-১২১**—সরকার রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকদের জন্য "জাতীয় মজুরী ও উৎপাদনশীলতা কমিশন ২০১৫" গঠনের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। **এ কমিশনের গঠন নিম্নরূপ হবে ঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | অবসরপ্রাপ্ত সচিব/ভারপ্রাপ্ত সচিব | ১ জন | চেয়ারম্যান (সরকার কর্তৃক মনোনীত) | সার্বক্ষণিক |
| ২. | অর্থনীতিবিদ | ১ জন | সদস্য | সার্বক্ষণিক |
| ৩. | হিসাব বিজ্ঞানী | ১ জন | সদস্য | সার্বক্ষণিক |
| ৪. | মালিক পক্ষের প্রতিনিধি | ০৩ জন | সদস্য | খণ্ডকালীন |
| ৫. | শ্রমিক পক্ষের প্রতিনিধি | ০৩ জন | সদস্য | খণ্ডকালীন |
| ৬. | বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রতিনিধি (ন্যূনতম যুগ্ম সচিব পর্যায়ের) | ১ জন | সদস্য | খণ্ডকালীন |
| ৭. | শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি (ন্যূনতম যুগ্ম সচিব পর্যায়ের) | ১ জন | সদস্য | খণ্ডকালীন |
| ৮. | অর্থ বিভাগের প্রতিনিধি (ন্যূনতম যুগ্ম সচিব পর্যায়ের) | ১ জন | সদস্য | খণ্ডকালীন |
| ৯. | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি (ন্যূনতম যুগ্ম সচিব পর্যায়ের) | ১ জন | সদস্য | খণ্ডকালীন |
| ১০. | পরিবেশ ও বন মন্ত্রণালয়ের প্রতিনিধি (ন্যূনতম যুগ্ম সচিব পর্যায়ের) | ১ জন | সদস্য | খণ্ডকালীন |
| ১১. | পরিকল্পনা কমিশনের সাধারণ অর্থনীতি বিভাগ (GED) এর প্রতিনিধি (ন্যূনতম যুগ্ম প্রধান পর্যায়ের) | ১ জন | সদস্য | খণ্ডকালীন |
| ১২. | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (NPO) এর পরিচালক | | সদস্য | খণ্ডকালীন |
| ১৩. | নিম্নতম মজুরী বোর্ডের চেয়ারম্যান | | সদস্য | খণ্ডকালীন |
| ১৪. | ন্যূনতম উপসচিব পর্যায়ের একজন কর্মকর্তা শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | | সদস্য-সচিব | (নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব) |

সিনিয়র সহকারী সচিব পর্যায়ের একজন কর্মকর্তা সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক প্রেষণে নিয়োজিত হবেন এবং সার্বক্ষণিকভাবে কমিশনের সদস্য-সচিবের স্টাফ অফিসার হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। **এ কমিশনের কার্যপরিধি (Terms of Reference) নিম্নরূপ হবে :—**

(১) কমিশন জীবন ধারণের ব্যয় বিবেচনা করে রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠান শ্রমিকদের জন্য মূল মজুরী ও অন্যান্য সুবিধা সম্পর্কে সুপারিশ প্রদান করবে;

(২) এ কমিশনের বিবেচনাধীন শিল্প শ্রমিক বলতে বর্তমানে রাষ্ট্রায়ত্ত, স্বায়ত্তশাসিত, আধাস্বায়ত্তশাসিত শিল্প প্রতিষ্ঠানে যে সকল ব্যক্তি বাংলাদেশ শ্রম আইন ২০০৬ এর আওতায় দক্ষ, অদক্ষ, কায়িক, কারিগরি, ব্যবসা উন্নয়নমূলক বা করণিক কাজের জন্য মজুরী বা অর্থের বিনিময়ে নিযুক্ত ব্যক্তিগণকে বুঝাবে;

(৩) (ক) কমিশন কারখানা পর্যায়ে মূল্য সংযোজন পদ্ধতির ভিত্তিতে শ্রম উৎপাদনশীলতা নির্ধারণপূর্বক মজুরীকে উৎপাদনশীলতার সাথে সম্পর্কযুক্ত করে মজুরী নির্ধারণের সুপারিশ প্রদান করবে;

(খ) মজুরীর সাথে উৎপাদনশীলতার সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে তথ্য সমৃদ্ধ সমীক্ষা পরিচালনা করার লক্ষ্যে কমিশন ৬টি রাষ্ট্রায়ত্ত করপোরেশন, যেমন-(১) বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন (২) বাংলাদেশ পাটকল করপোরেশন (৩) বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন (৪) বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন (৫) বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ করপোরেশন (৬) বাংলাদেশ বনশিল্প উন্নয়ন করপোরেশন এর কার্যক্রমের উপর সমীক্ষা পরিচালনা করতে পারবে। এ সমীক্ষা অনধিক ২ (দুই) মাসের মধ্যে সম্পন্ন করতে হবে।

(৪) কমিশন শ্রম উৎপাদনশীলতার নিরিখে রাষ্ট্রায়ত্ত, স্বায়ত্তশাসিত, আধাস্বায়ত্তশাসিত শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত বিভিন্ন প্রকারের শ্রমিকের মজুরী কাঠামো, বিভিন্ন প্রচলিত ভাতা ও মজুরী মানের পরিবর্তনের প্রয়োজনীয়তা পরীক্ষা করে উল্লিখিত শ্রমিকের মজুরী কাঠামো বাস্তবসম্মত ও সহজতর করার জন্য সুপারিশমালা পেশ করবে;

(৫) কমিশন রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের ছুটি, বোনাস, গ্রাচ্যুইটি, গ্রুপ ইনস্যুরেন্স, প্রভিডেন্ট ফান্ড, বাড়ীভাড়া ইত্যাদি বিষয়ে আইন/নিয়মাবলী শ্রমিকদের উৎপাদনশীলতার নিরিখে পরীক্ষা করে সুপারিশ পেশ করবে;

(৬) সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে কমিশন সংশ্লিষ্ট রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠানের আর্থিক সঙ্গতি, মুনাফা, উপার্জন ক্ষমতা, শ্রমের উৎপাদনশীলতা, জীবন ধারণের জন্য ন্যূনতম প্রয়োজন, দেশের মাথাপিছু আয় ও তুলনীয় সামাজিক গোষ্ঠীর আয়, শ্রমিক সংখ্যার যৌক্তিকীকরণ (Rationalisation) এবং উৎপদানশীলতা ও মজুরীর উপর এর প্রভাব, সংশ্লিষ্ট পণ্যের উৎপাদন ব্যয় ও এর প্রতিযোগিতার ক্ষমতা ইত্যাদি আর্থ সামাজিক দিক বিবেচনা করবে।

৪। **এ রেজলিউশন নিম্নোক্ত ক্ষেত্রে প্রযোজ্য হবে না :—**

(ক) ব্যক্তি মালিকানাধীন বা বেসরকারি ক্ষেত্রে অন্তর্ভুক্ত বা সরকার ও ব্যক্তি মালিকানার যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত বা পরিচালনার জন্য শিল্প কারখানায় নিয়োজিত শ্রমিকগণ;

(খ) ম্যানুফ্যাকচারিং প্রক্রিয়াবিহীন শিল্প প্রতিষ্ঠানে ব্যবস্থাপনা, প্রশাসনিক অথবা তত্ত্বাবধান কাজে অথবা করণিক কাজে নিয়োজিত ব্যক্তিগণ;

(গ) সেনাবাহিনী, নৌবাহিনী, বিমান বাহিনী, বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ রাইফেল্স এর সদস্যগণ অথবা ঐ বহিনীসমূহ কর্তৃক নিয়োজিত বা ঐ বাহিনীসমূহের সঙ্গে সম্পর্কযুক্ত ব্যক্তিগণ;

(ঘ) অগ্নি নির্বাপণ ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এবং ক্যান্টমেন্ট বোর্ড দ্বারা নিয়োজিত ব্যক্তিগণ;

(ঙ) অর্ডন্যান্স ফ্যাক্টরী, প্রতিরক্ষা প্রতিষ্ঠানে এবং নৌ-ঘাঁটি, বিমান চালনার ক্ষেত্রে বা রানওয়েতে কর্মরত ব্যক্তিগণ;

(চ) বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র, বিদ্যুৎ সঞ্চালন ও বিতরণ প্রক্রিয়ায় নিয়োজিত ব্যক্তিগণ অথবা ডাক, টেলিফোন ও টেলিগ্রাফ সার্ভিসেস বা এর সঙ্গে সরাসরিভাবে সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠানে নিয়োজিত ব্যক্তিগণ;

(ছ) শিল্প প্রতিষ্ঠানের সাথে জড়িত কৃষি খামারে নিয়োজিত ব্যক্তিগণ, যেমন-চিনি কলের সাথে সংশ্লিষ্ট আখ খামারে নিয়োজিত ব্যক্তিগণ;

(জ) জাতীয় বেতন কমিশনের অন্তর্ভুক্ত ব্যক্তিগণ; এবং

(ঝ) "সংবাদপত্র কর্মচারীদের বেতন বোর্ড রোয়েদাদ" এর অন্তর্ভুক্ত ব্যক্তিগণ;

৫। কমিশনের মেয়াদ গঠনের দিন হতে ৬ (ছয়) মাস স্থায়ী হবে। প্রয়োজন হলে কমিশনের মেয়াদ সরকার বৃদ্ধি করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মিকাইল শিপার**
সচিব।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২৭ কার্তিক ১৪২২/১১ নভেম্বর ২০১৫

নং **৩১.০৩৬.০০.০০০০.০৪৯.০০৯.২০১১-৪০৫**—১৯৫৫ সনের প্রজাস্বত্ব বিধিমালার ৩৪(২) বিধি মোতাবেক বাংলাদেশ সরকার কর্তৃক এ মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারার ৭নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রমিক নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | ছাতিয়ানতলা | ১৭ | যশোর সদর | যশোর |
| (২) | ক্ষিতিবদিয়া | ১৮ | যশোর সদর | যশোর |
| (৩) | বুকভরারবাওর | ২৫ | যশোর সদর | যশোর |
| (৪) | বাঁশবাড়ীয়া | ২৭ | যশোর সদর | যশোর |
| (৫) | সুজলপুর | ৫০ | যশোর সদর | যশোর |
| (৬) | বেজপাড়া | ৮১ | যশোর সদর | যশোর |
| (৭) | হামিদপুর | ৮৬ | যশোর সদর | যশোর |
| (৮) | নীলগঞ্জ | ৮৯ | যশোর সদর | যশোর |
| (৯) | সানতলা | ৯৮ | যশোর সদর | যশোর |
| (১০) | ডাকাতিয়া | ১০০ | যশোর সদর | যশোর |
| (১১) | বিরামপুর | ১০৩ | যশোর সদর | যশোর |
| (১২) | মিরাপুর | ১১৬ | যশোর সদর | যশোর |
| (১৩) | কাটামারা | ১৫২ | যশোর সদর | যশোর |
| (১৪) | মথুরাপুর | ১৭১ | যশোর সদর | যশোর |
| (১৫) | বাহির মল্লিক | ২১৬ | যশোর সদর | যশোর |
| (১৬) | জঙ্গলবাধাল | ২৪৪ | যশোর সদর | যশোর |
| (১৭) | কৃষ্ণচন্দ্রপুর | ১০০ | ঝিকরগাছা | যশোর |
| (১৮) | গুণনগর | ১০৮ | ঝিকরগাছা | যশোর |
| (১৯) | করিমালী | ১০৯ | ঝিকরগাছা | যশোর |
| (২০) | রঘুনাথপুর | ১১১ | ঝিকরগাছা | যশোর |
| (২১) | আন্দুলিয়া | ২৫ | চৌগাছা | যশোর |
| (২২) | মাঠ চাকলা | ৬২ | চৌগাছা | যশোর |
| (২৩) | পাতিবিলা | ৬৫ | চৌগাছা | যশোর |
| (২৪) | দক্ষিণসাগর | ৭৯ | চৌগাছা | যশোর |
| (২৫) | চৌগাছা | ১১১ | চৌগাছা | যশোর |
| (২৬) | কাবিলপুর | ১১৮ | চৌগাছা | যশোর |
| (২৭) | দুরালী | ১৩৮ | চৌগাছা | যশোর |
| (২৮) | কোটা | ৩৫ | অভয়নগর | যশোর |
| (২৯) | পায়রা | ৪৪ | অভয়নগর | যশোর |
| (৩০) | এক্তারপুর | ৫০ | অভয়নগর | যশোর |
| (৩১) | সিঙ্গারী | ৭৬ | অভয়নগর | যশোর |
| (৩২) | তেলিধান্যপোড়া | ৪৯ | বাঘারপাড়া | যশোর |
| (৩৩) | কৃষ্ণনগর | ৫৭ | বাঘারপাড়া | যশোর |
| (৩৪) | সেখের বাথান | ৬৬ | বাঘারপাড়া | যশোর |
| (৩৫) | নারিকেলবাড়িয়া | ৭৩ | বাঘারপাড়া | যশোর |
| (৩৬) | পশ্চিমা | ৭৪ | বাঘারপাড়া | যশোর |
| (৩৭) | উত্তর শ্রীরামপুর | ৮১ | বাঘারপাড়া | যশোর |
| (৩৮) | মিরপুর | ৯৫ | বাঘারপাড়া | যশোর |
| (৩৯) | ঢেপখালী | ৯৮ | বাঘারপাড়া | যশোর |
| (৪০) | ছাইবাড়িয়া | ১১৫ | বাঘারপাড়া | যশোর |
| (৪১) | রামনগর | ১১৭ | বাঘারপাড়া | যশোর |
| (৪২) | দক্ষিণ শ্রীরামপুর | ১১৮ | বাঘারপাড়া | যশোর |
| (৪৩) | তেঘরী | ১৪৭ | বাঘারপাড়া | যশোর |
| (৪৪) | জামদীয়া | ১৪৯ | বাঘারপাড়া | যশোর |
| (৪৫) | বঙ্কিরা | ০৩ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৪৬) | বারই আসান্নগর | ০৪ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৪৭) | চণ্ডীপুর | ৫৫ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৪৮) | কুমারাবাড়িয়া | ৬১ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৪৯) | ধোপাবিলা | ৬৭ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৫০) | কুঠি দূর্গাপুর | ৬৮ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৫১) | ভবানীপুর | ৭৫ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৫২) | মাধবপুর | ৮৬ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৫৩) | কুলবাড়িয়া | ৯১ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৫৪) | পরমানন্দপুর | ৯৭ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৫৫) | বড় খড়িখালী | ১০২ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৫৬) | নৃসিংহপুর | ১০৩ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৫৭) | কয়ারগাছি | ১০৪ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৫৮) | কেশবপুর | ১১১ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৫৯) | মায়াধরপুর | ১১২ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৬০) | বাড়ী বাথান | ১১৪ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৬১) | শালকোপা | ১৪৬ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৬২) | নারায়ণপুর | ১৪৯ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৬৩) | ছোট কামারকুন্ডু | ১৫৩ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৬৪) | শিকারপুর | ১৫৪ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৬৫) | ধানহারিয়া | ১৬০ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৬৬) | জয়রামপুর | ১৬৬ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৬৭) | সুরট | ১৬৭ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৬৮) | হুদা সুরট | ১৬৮ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৬৯) | কাষ্টসাগরা | ১৬৯ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৭০) | বানিয়াবহু | ১৭০ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৭১) | হামদরডাঙ্গা | ১৭৪ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৭২) | বদনপুর | ১৭৫ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৭৩) | মান্দরবাড়িয়া | ১৭৯ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৭৪) | পোড়াহাটী | ১৮২ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৭৫) | মহিষাডাঙ্গা | ১৯৫ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৭৬) | ঘোড়শাল | ২০১ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৭৭) | তালতলা হরিপুর | ২১১ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৭৮) | পূর্ব্ব নারায়ণপুর | ২২১ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৭৯) | সুতলিয়া | ২২৭ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৮০) | আর্য নারায়ণপুর | ২২৯ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৮১) | নরহরিদ্রা | ২৩১ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৮২) | কিসমত কান্দরা | ২৩৮ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৮৩) | ভোজঘাট | ২৪৩ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৮৪) | পাইকপাড়া | ২৪৪ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৮৫) | ছয়াইল | ২৫৬ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৮৬) | বামন আইল | ২৬৬ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| (৮৭) | চর-বিষ্ণুদিয়া | ৫ | হরিনাকুন্ড | ঝিনাইদহ |

| ক্রমিক নং | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (৮৮) | বাগ-আঁচড়া | ৬ | হরিনাকুন্ড | ঝিনাইদহ |
| (৮৯) | দৌলতপুর | ৩৯ | হরিনাকুন্ড | ঝিনাইদহ |
| (৯০) | ভাতুড়িয়া | ৪১ | হরিনাকুন্ড | ঝিনাইদহ |
| (৯১) | তোলা | ৪৭ | হরিনাকুন্ড | ঝিনাইদহ |
| (৯২) | নিত্যানন্দপুর | ৫০ | হরিনাকুন্ড | ঝিনাইদহ |
| (৯৩) | ঘোড়াগাছা | ৫৬ | হরিনাকুন্ড | ঝিনাইদহ |
| (৯৪) | গাড়াবাড়িয়া | ৫৯ | হরিনাকুন্ড | ঝিনাইদহ |
| (৯৫) | হাকিমপুর | ৬৮ | হরিনাকুন্ড | ঝিনাইদহ |
| (৯৬) | সাবেকবিন্নি | ৭৪ | হরিনাকুন্ড | ঝিনাইদহ |
| (৯৭) | আজমতনগর | ২৫ | কালিগঞ্জ | ঝিনাইদহ |
| (৯৮) | বাবরা | ৭০ | ঝিনাইদহ | ঝিনাইদহ |
| (৯৯) | কামালহাট | ১১৩ | ঝিনাইদহ | ঝিনাইদহ |
| (১০০) | বরুইচারা | ১৯ | মাগুরা সদর | মাগুরা |
| (১০১) | কৃষ্ণপুর | ৪৩ | মাগুরা সদর | মাগুরা |
| (১০২) | সত্যিপুর | ১১০ | মাগুরা সদর | মাগুরা |
| (১০৩) | লক্ষ্মীপুর | ১৩৬ | মাগুরা সদর | মাগুরা |
| (১০৪) | ছয়চার | ১৪০ | মাগুরা সদর | মাগুরা |
| (১০৫) | কাদিরাবাদ | ১৪২ | মাগুরা সদর | মাগুরা |
| (১০৬) | নলনগর | ২১৩ | মাগুরা সদর | মাগুরা |
| (১০৭) | বোরাবাদুরা | ৫০ | নড়াইল সদর | নড়াইল |
| (১০৮) | দুবলাজুরী | ৭৭ | নড়াইল সদর | নড়াইল |
| (১০৯) | পচিশা | ৮৫ | নড়াইল সদর | নড়াইল |
| (১১০) | আখোদা | ৮৯ | নড়াইল সদর | নড়াইল |
| (১১১) | নিরলী | ৯৩ | নড়াইল সদর | নড়াইল |
| (১১২) | কলোড়া | ৯৯ | নড়াইল সদর | নড়াইল |
| (১১৩) | রামসিদ্ধি | ১১৯ | নড়াইল সদর | নড়াইল |
| (১১৪) | চিলগাছা রঘুনাথপুর | ১৩৬ | নড়াইল সদর | নড়াইল |
| (১১৫) | মধুরগাতী | ১৮৩ | নড়াইল সদর | নড়াইল |
| (১১৬) | পাড় ভূমবাগ | ১৮ | কালিয়া | নড়াইল |
| (১১৭) | পাড় বিষ্ণুপুর | ১৯ | কালিয়া | নড়াইল |
| (১১৮) | উড়শি | ২৩ | কালিয়া | নড়াইল |
| (১১৯) | ধারিয়াঘাটা | ২৯ | কালিয়া | নড়াইল |
| (১২০) | শুক্তগ্রাম | ৩৫ | কালিয়া | নড়াইল |
| (১২১) | কুলশুর | ৪১ | কালিয়া | নড়াইল |
| (১২২) | বিষ্ণুপুর | ৪৩ | কালিয়া | নড়াইল |
| (১২৩) | মচন্দপুর | ৪৬ | কালিয়া | নড়াইল |
| (১২৪) | সিলিমপুর | ৪৭ | কালিয়া | নড়াইল |
| (১২৫) | দেবীপুর | ৬৩ | কালিয়া | নড়াইল |
| (১২৬) | বৃহাচলা | ৬৫ | কালিয়া | নড়াইল |
| (১২৭) | বাগবাড়িয়া | ৬৭ | কালিয়া | নড়াইল |
| (১২৮) | কলাগাছী | ৭১ | কালিয়া | নড়াইল |
| (১২৯) | মাহাজন | ৭২ | কালিয়া | নড়াইল |
| (১৩০) | শুড়িগাঁতি | ৭৪ | কালিয়া | নড়াইল |
| (১৩১) | শিবানন্দপুর | ৭৯ | কালিয়া | নড়াইল |
| (১৩২) | পুটিমারী | ৮১ | কালিয়া | নড়াইল |
| (১৩৩) | পাকুরিয়া | ৮৫ | কালিয়া | নড়াইল |
| (১৩৪) | দুলালগাঁতি | ৮৮ | কালিয়া | নড়াইল |
| (১৩৫) | তেবাড়িয়া | ৯১ | কালিয়া | নড়াইল |
| (১৩৬) | কামশিয়া | ৯৫ | কালিয়া | নড়াইল |
| (১৩৭) | তেঘরি কলাগাছি | ১০০ | চুয়াডাঙ্গা সদর | চুয়াডাঙ্গা |

**মোঃ রফিকুল ইসলাম**
উপসচিব।